



সংবাদ বিজ্ঞপ্তি

নোবিপ্রবির সঙ্গে সেইবার এর সমঝোতা স্মারক স্বাক্ষর

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) সঙ্গে সেইবার (Sabre) কর্পোরেশনের সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। আজ সোমবার (৩০ সেপ্টেম্বর ২০২৪) নোবিপ্রবি উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল তার কার্যালয়ে আয়োজিত অনুষ্ঠানে নোবিপ্রবির পক্ষে এ চুক্তিতে স্বাক্ষর করেন। সেইবার এর পক্ষে স্বাক্ষর করেন প্রতিষ্ঠানটির কান্ট্রি ম্যানেজার ও সিইও মোহাম্মদ সাইফুল হক। এসময় নোবিপ্রবি ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট (টিএইচএম) বিভাগের চেয়ারম্যান মোঃ নাজমুল হুদা, বিভাগের সহকারী অধ্যাপক মোঃ জামশেদুল ইসলাম ও সেইবার এর সহকারী ব্যবস্থাপক মোঃ সাইফুল্ল্যার রাব্বী উপস্থিত ছিলেন।

এ চুক্তির ফলে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা প্রশিক্ষণ গ্রহণের মাধ্যমে দক্ষতা অর্জনের সুযোগ পাবে। এতে করে শিক্ষার্থীরা এয়ারলাইন্স ও সিভিল এভিয়েশনে ক্যারিয়ার গঠনের সুযোগ পাবে। এছাড়াও বিভিন্ন দেশী-বিদেশী ট্র্যাভেল এজেন্সিগুলোতে কর্মসংস্থান গড়ার সুযোগ পাবে।

ইফতেখার হোসাইন

সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)

মোবা ০১৭৩৩৯৯৮৮৯৪